

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladesh-bank.org

এফ,ই সার্কুলার নং-২০

২৭ আশ্বিন, ১৪১৬

তারিখ :-----

১২ অক্টোবর, ২০০৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়া হাতে তৈরী পণ্য  
রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ১২ ডিসেম্বর, ২০০২ তারিখে জারিকৃত এফ,ই সার্কুলার নং ২৬ এর প্রতি দৃষ্টি  
আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, উক্ত সার্কুলারের ৩(৩) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাটি নিম্নরূপভাবে  
প্রতিস্থাপিত হইবে :

“ঋণপত্রের পাশাপাশি রপ্তানি চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অগ্রিম টিটি এর মাধ্যমে প্রাপ্ত রপ্তানি  
আয়ের বিপরীতে নগদ সহায়তা সুবিধা নিম্নোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে বিবেচনাযোগ্য হইবে :

(ক) টিটির মাধ্যমে রপ্তানির ক্ষেত্রে রপ্তানিকারকের আবেদনপত্রের ঘোষণা মোতাবেক সংশ্লিষ্ট রপ্তানি পণ্য  
উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহ সূত্রসহ সঠিক মূল্য ও পরিমান, যথার্থ মূল্যে রপ্তানি কার্যক্রম সম্পাদন  
এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে রপ্তানী উন্নয়ন ব্যুরো/বাণিজ্য মন্ত্রণালয় মনোনীত সংশ্লিষ্ট  
রপ্তানিকারক সমিতি কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র (সংযোজনী-ক মোতাবেক) দ্বারা সমর্থিত হইতে হইবে এবং

(খ) টিটির মাধ্যমে রপ্তানি মূল্য প্রত্যাবাসন শর্তযুক্ত রপ্তানি চুক্তির বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত  
ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা, সঠিক মূল্যে রপ্তানি কার্যক্রম সম্পাদন এবং বাংলাদেশ হইতে  
প্রকৃত রপ্তানির বিপরীতে টিটির মাধ্যমে মূল্য প্রত্যাবাসন সম্পর্কে নিশ্চিত হইয়া এতদবিষয়ে ঘোষণা প্রদান  
করিতে হইবে।”

০২। আলোচ্য রপ্তানি খাতে নগদ সহায়তার দাবি পরিশোধের বিষয়ে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই  
সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।

০৩। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ ০১(এক) পাতা।

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫

## রপ্তানী উন্নয়ন ব্যুরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন কর্তৃক প্রদেয় প্রত্যয়ন পত্র

হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়া হাতে তৈরী পণ্য  
রপ্তানি খাতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়ন পত্র ।

|     |   |               |              |
|-----|---|---------------|--------------|
| ১।  | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম                          | :             |              |
|     | ঠিকানা  | :             |              |
| ২।  | রপ্তানি ঋণপত্র/রপ্তানি চুক্তিপত্রের নম্বর :         | তারিখ         | : মূল্যমান : |
| ৩।  | বিদেশী ক্রেতার নাম :                                |               |              |
|     | ঠিকানা :  |               |              |
| ৪।  | বিদেশী ক্রেতার ব্যাংকের নাম :                       |               |              |
|     | ঠিকানা :  |               |              |
| ৫।  | ক) ইনভয়েস নম্বর :                                  | তারিখ         | :            |
|     | খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমাণ :                | মূল্য         | :            |
| ৬।  | ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরণাদির বর্ণনাঃ | পরিমাণ :      | মূল্য :      |
|     | খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ          |               |              |
| ৭।  | ক) রপ্তানি পণ্যের বিবরণ :                           |               |              |
|     | খ) পরিমাণ :   | মূল্য         | :            |
| ৮।  | জাহাজীকরণের তারিখ :                                 | গন্তব্য বন্দর | :            |
| ৯।  | ইএক্সপি নম্বর :                                     | তারিখ         | : মূল্য :    |
| ১০। | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়)    | :             |              |
| ১১। | প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর          | : তারিখ       | :            |
| ১২। | নীট এফওবি মূল্য                                     | :             |              |

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, দেশে উৎপাদিত উপকরণাদির ৮০% এর উর্ধ্বে (২০% হারে নগদ সহায়তার দাবির ক্ষেত্রে)/৫০% এর উর্ধ্বে (১৫% হারে নগদ সহায়তার দাবির ক্ষেত্রে) ব্যবহার করিয়া উৎপাদিত হাতে তৈরী পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদসমূহের বক্তব্য সঠিক ও নির্ভুল । বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়দেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল ।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণাগুলির যথার্থতা যাচাইয়াস্তে সঠিক পাওয়া গিয়াছে; ঘোষণা মোতাবেক সঠিক মূল্যে সংগ্রহকৃত উৎপাদন উপকরণাদি সঠিক পরিমাণে ব্যবহারের মাধ্যমে উৎপাদিত হাতে তৈরী পণ্য রপ্তানি করা হইয়াছে । ঘোষিত রপ্তানিমূল্য যুক্তিযুক্ত ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়াছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়াছে । প্রত্যাবাসিত মূল্যের অনুকূলে উপরোক্ত রপ্তানিকারককে নগদ সহায়তা প্রদানের জন্য সুপারিশ করা হইল ।

রপ্তানী উন্নয়ন ব্যুরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন এর দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।